

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১

তারিখ: ১৭ পৌষ ১৪২৭
০১ জানুয়ারি ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

০১ জানুয়ারী ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে সন্ধ্যা ০৬:০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদী-বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোনো সংকেতও দেখাতে হবে না।

০১ জানুয়ারী ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ উপ-মহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ শ্রীমঙ্গল, নওগাঁ, দিনাজপুর, তেঁতুলিয়া, ডিমলা, রাজারহাট এবং চুয়াডাঙ্গা অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) ঃ এ সময়ের শেষার্ধ্বে তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৬.৩	২৬.০	২৯.৫	২৬.৯	২৬.০	২৭.০	২৬.০	২৬.৫
সর্বনিম্ন তাপমাত্রা	১০.২	১০.৮	১০.২	০৮.০	০৯.৮	০৭.৬	০৯.২	১০.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ২৯.৫°সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৭.৬°সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ৩০ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৩১ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮		০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৮	০	০

	মোট	২৫	০	০
--	-----	----	---	---

শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ :

- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে শীতক্লিষ্ট রাজশাহী বিভাগের ৮ টি জেলার মোট ৬৭ টি উপজেলার ৫৬৫ টি ইউনিয়নে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য প্রতি ইউনিয়নে ১০০ প্যাকেট হারে মোট (৫৬৫X১০০)=৫৬,৫০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে দেশের চলমান শীত মোকাবিলাসহ জরুরী পরিস্থিতিতে মানবিক সহায়তা হিসেবে কাম্বল/শীত বস্ত্র ক্রয় পূর্বক বিনামূল্যে বিতরণের জন্য ৬৪ জেলার প্রতিটি জেলায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে মোট ৩,২০,০০,০০০/- (তিন কোটি বিশ লক্ষ) টাকাবরাদ্দ প্রদান করা হয়েছে।



১-১-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১/১(১৭০)

তারিখ: ১৭ পৌষ ১৪২৭

০১ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



১-১-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা